

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

স্মারক নং-৪৬. ০৯৯. ০১৩. ০১. ০১.০০৪.২০১১- ১১ ৩ ৫

তারিখঃ ১৩.০৩.২০১১খ্রিঃ

বিষয়ঃ জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার, সাবেক পরিসংখ্যান সহকারী (বরখাস্তকৃত), স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর আবেদন প্রসংগে।

সূত্রঃ মনিটরিং-১ শাখার নথি নং- ৪৬. ০৯৯. ০১৩. ০১. ০১.০০৪.২০১১ হতে প্রাপ্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিগত ১৯৯১ সালে জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার এর বিরুদ্ধে চেক জালিয়াতির কারণে দিনাজপুর কোতয়ালী থানায় ০৪টি মামলা দায়ের করা হয়। উক্ত ০৪টি মামলায় (মামলা নং-৭/১৯৯৫, ৮/১৯৯৫, ৯/১৯৯৫ ও ১০/১৯৯৫) দোষী সাব্যস্ত হওয়ায় তাকে বিভিন্ন মেয়াদে সাজা ও আর্থিক জরিমানা করা হয়। এরপর তাকে বরখাস্ত করা হয়। পরবর্তীতে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার তার সমুদয় পাওনা পরিশোধের জন্য জেলা প্রশাসক, দিনাজপুর বরাবরে আবেদন করেন। জেলা প্রশাসক, দিনাজপুর তাঁর পত্রে নিম্নোক্ত ২টি প্রস্তাব পেশ করেন;

ক) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক (i) 433/13 নং লীড টু আপীল মামলায় প্রদত্ত ২৯/০২/২০১৬ খ্রিঃ তারিখের আদেশ (ii) ৫০৯/১৩ নং লীড টু আপীল মামলায় প্রদত্ত ০৩/০৩/২০১৬ তারিখের আদেশ (iii) ৫১০/১৩ নং লীড টু আপীল মামলায় প্রদত্ত ০৩/০৩/২০১৬ তারিখের আদেশ ও (iv) ১৫০/১৪ নং লীড টু আপীল মামলায় প্রদত্ত ২১/০৩/২০১৬ তারিখের আদেশ সরকারী স্বার্থে রিভিউ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

খ) জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার সাবেক পরিসংখ্যান সহকারী (বরখাস্তকৃত), স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর ১৯৯১ সালের অক্টোবর মাস হতে হালনাগাদ পর্যন্ত সমুদয় আর্থিক সুবিধা প্রাপ্তির আবেদনের বিষয়টি গণকর্মচারী (সাজা প্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ, ১৯৮৫ এর ধারা ৩ (৩) এর বিধানমতে নিষ্পত্তি করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার, সাবেক পরিসংখ্যান সহকারী (বরখাস্তকৃত), স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর আবেদন নিষ্পত্তির লক্ষ্যে জেলা প্রশাসক, দিনাজপুর হতে প্রাপ্ত কাগজাদি এতদসংগে প্রেরণপূর্বক উক্ত ০২টি প্রস্তাবের বিষয়ে এ বিভাগের করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

(মোহাম্মদ শফিউল আরিফ)

উপসচিব

৯৫৪০৯৯৫

Email: arif 6550@ Yahoo.com

মোঃ আশরাফুল আলম
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০২। সিনিয়র সহকারী সচিব (মনিটরিং-১) শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ০৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা/
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।